The industry specific guidance below was developed by the Department in response to the pandemic and is no longer mandatory. These archived documents are made available as a public reference and resource only.

Industry partners should refer to New York Forward Guidance for the most up-to-date information regarding COVID-19. For more information, please visit https://agriculture.ny.gov/coronavirus.

ANDREW M. CUOMO
গভর্নর

RICHARD A. BALL
কমিশনার

# COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় খুচরা মুদি দোকানের জন্য হালনাগাদকৃত অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

**28 সেপ্টেম্বর, 2020**

## উদ্দেশ্য

খুচরা মুদি দোকানের মালিক/পরিচালক ও গ্রাহকদের জন্য সেই সকল অতিরিক্ত সতর্কতাসহ এই নির্দেশিকা তৈরি করা হয়েছিল যাতে এই সেটিংসে জনস্বাস্থ্যের জরুরি অবস্থার সময় নিউ ইয়র্কের দুর্বল জনগোষ্ঠীর সুরক্ষায় সহায়তা করা যায়। খুচরা মুদি দোকানে মালিক/পরিচালকগণকেও প্রয়োজনীয় খুচরার জন্য স্বাস্থ্য বিভাগের অন্তর্বর্তীকালীন নির্দেশিকা মেনে চলতে হবে।

এই নির্দেশনার উদ্দেশ্যে, খুচরা মুদি দোকানের অন্তর্ভুক্ত হবে, কিন্তু তাতেই সীমাবদ্ধ থাকবে না, সুপারমার্কেট, বোডিগাস, বেকারি, বিশেষত্ব মার্কেট, সুপারস্টোর যা মুদিখানার সামগ্রী বিক্রি করে এবং ওয়্যারহাউজ ক্লাবগুলি।

## পটভূমি

2020 সালের 7 মার্চ, তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেছিলেন। উপরন্তু 2020 সালের 20 মার্চ তারিখে গভর্নর কুওমো "মাটিল্ডাজ ল (Matilda's Law)" ঘোষণা করেন, যা নিউ ইয়র্কের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীগুলিকে COVID-19 থেকে সুরক্ষিত রাখার জন্য বেশ কিছু প্রস্তাবনা, যার মধ্যে রয়েছে 70 বছর বা তার বেশি বয়সী মানুষ, যাদের সংকটাপন্ন ইমিউন সিস্টেম ও অন্তর্নিহিত অসুস্থতা রয়েছে। এই নিউ ইয়র্কবাসীদের বাড়িতে থাকা উচিত এবং পরিবারের সদস্য বা ঘনিষ্ঠ বন্ধুদের যাদের সহায়তার প্রয়োজন, তাদের মধ্যে সাক্ষাৎ সীমিত রাখা উচিত।

সমগ্র নিউ ইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। নিউ ইয়র্কবাসীরা দায়িত্ব গ্রহণ করেছে এবং মুখ ঢেকে রাখার প্রয়োজনীয়তা ও সামাজিক দূরত্বের আদেশ মেনে চলছে, যার ফলে এই স্টেট সংক্রমণে দেশের সর্বনিম্ন স্তরে আসতে পারে। 2020 সালের 26 এপ্রিল, তারিখে গভর্নর কুওমো ডেটা চালিত, আঞ্চলিক বিশ্লেষণের উপর ভিত্তি করে পর্যায়ক্রমে নিউ ইয়র্কের শিল্প ও ব্যবসা-বাণিজ্য পুনরায় চালু করার এক পর্যায়ক্রমে পদ্ধতির ঘোষণা করেছিলেন, যা স্টেটকে সফলভাবে প্রায় সকল ব্যবসা প্রতিষ্ঠান ও শিল্পকে সফলভাবে পুনরায় খোলার সুযোগ করে দেয় যা জনস্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করে।

## সাধারণ জনগণকে প্রভাবিত করার নির্দেশিকা

খুচরা মুদি দোকানগুলির উচিত শুধুমাত্র প্রবীণদের এবং সংকটাপন্ন ইমিউন সিস্টেম থাকা মানুষদের সকাল 06.00 থেকে 08.00-টার মধ্যে কেনাকাটা করতে দেওয়া, দোকান খোলার প্রথম ঘন্টায় অথবা সাধারণ জনগণের জন্য দোকান খোলার আগে, যদি তা সম্ভব হয়।

উপরন্তু, খুচরা মুদি দোকানগুলির উচিত সেই সকল নির্দেশনা মেনে চলা যা গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) এবং স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) প্রদান করেছে, যার মধ্যে আছে "খাদ্য উৎপাদন ব্যবস্থা এবং খাদ্যের খুচরা দোকান COVID-19 এর জন্য পরিষ্কার ও জীবাণুমুক্ত করার জন্য অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Food Manufacturing Facilities or Food Retail Stores for

COVID-19) এবং "বিস্তার বন্ধ করুন" (STOP THE SPREAD) পোস্টার।

খুচরা মুদি দোকান তাদের প্রতিটি খুচরা দোকানের প্রবেশদ্বারে নিচে দেওয়া বা অনুরূপ পোস্ট করা উচিত:

*** সকল গ্রাহককে নোটিশ ***
COVID-19 জনস্বাস্থ্য জরুরি সিনিয়র এবং সংকটাপন্ন ইমিউন সিস্টেম এর জবাবে
জনগণকে সকাল 6টা থেকে সকাল 8 টার মধ্যে কেনাকাটা করার পরামর্শ দেওয়া হয়,
কর্মকাণ্ডের প্রথম ঘন্টার সময় অথবা সাধারণ জনগণের জন্য
দোকান খোলার আগে।

COVID-19 বিস্তার প্রতিরোধ করতে সাহায্য করার জন্য, পদ্ধতি এবং সরবরাহ সস্থানে থাকা উচিত এবং সঠিক হাত এবং শ্বাসযন্ত্রের স্বাস্থ্যবিধি উৎসাহিত করার জন্য উপলব্ধ রাখা উচিত, সেই সাথে উচ্চ-ঝুঁকির অবস্থানগুলি (যেমন- বিশ্রামাগার, প্রবেশপথ, প্রস্থান, বিক্রয় স্থলের টার্মিনাল, ইত্যাদি), পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখার উচিত সব খুচরা মুদির দোকানে। রেজিস্টারে বিক্রয় কেন্দ্রের টার্মিনালসহ সারা দিন প্রায়শই স্পর্শ করা হয় এমন স্থানগুলি জীবাণুমুক্ত করার প্রক্রিয়া স্থাপিত থাকা উচিত।

সামাজিক দূরত্ব ও ভালো স্বাস্থ্যবিধির প্রচার করার সিগনেজ একটি সুস্পষ্ট জায়গায় পোস্ট করা উচিত এবং সব কর্মীদের স্টেটের খুচরা খাদ্য দোকানের নির্দেশিকাতে যে প্রোটোকল স্থাপিত আছে তা স্মরণ করিয়ে দেওয়া উচিত।

## খুচরা মুদির দোকানের মালিক/পরিচালকদের প্রভাবিত করা নির্দেশনা

খুচরা মুদি দোকানগুলির নিম্নলিখিত স্টোর নিরাপত্তা ব্যবস্থাগুলি বাস্তবায়ন করা উচিত:

- কর্মী ও গ্রাহকদের জন্য যেখানেই সম্ভব 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখা, এর প্রচার করা। খুচরা মুদি দোকানের একটি নির্দেশক ব্যবহার করার কথা বিবেচনা করা উচিত, যেমন- মেঝের মার্কারের ব্যবহার চেক আউট লাইনে বা যেকোনো অবস্থানে যেখানে গ্রাহক একত্রিত হন (যেমন- উপাদেয় লাইন, মাংস বা মাছের কাউন্টার ইত্যাদি) যাতে দেখানো যায় গ্রাহকরা কোথায় দাঁড়াবেন পরস্পরের মধ্যে 6 ফুট দূরত্ব বজায় রাখার জন্য।
- খুচরা মুদি দোকানগুলির উচিত খুচরা পণ্যের স্পর্শ বিন্দুগুলি কমানোর চেষ্টা করা এবং গ্রাহকদের তাদের নিজস্ব কেনাকাটা ব্যাগে ভরার উৎসাহিত করা, যদি তা সম্ভব হয়।
- যেকোনো সময় দোকানে গ্রাহকের সংখ্যা সীমিত করে কর্মীসহ দোকানের ধারণক্ষমতার 50% করার চেষ্টা করা।
- গ্রাহকদের জন্য প্রবেশদ্বারগুলিতে কার্টগুলোতে জীবাণুনাশক ওয়াইপ প্রদান করা, ক্যাশ রেজিস্টার এবং/অথবা অন্যান্য উপযুক্ত অবস্থানে, যেমন করা সম্ভব।
- নিশ্চিত করা যে গরম বা ঠাণ্ডা প্রাক-প্রস্তুত খাবার ডেলিভারি বা টেক-আউটের জন্য শুধুমাত্র পাওয়া যায়।
- কোন বিনামূল্যের খোলা নমুনা বা আস্বাদন বন্ধ করা, যার মধ্যে আছে ডেলি স্লাইস বা প্রস্তুত করা খাদ্য।
- পরিষ্কারভাবে চিহ্ন পোস্ট করুন, নিচে, দোকানের বাইরে ও দোকানের ভেতরে নিম্নলিখিত চিহ্নগুলো পোস্ট করুন:
  - মুখ ঢেকে রাখা
    - বর্তমান স্টেট আইন অনুযায়ী, খুচরা স্টোরগুলিতে অবশ্যই মুখ ঢেকে রাখা উচিত। দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখ ঢেকে রাখা সহ্য করতে সক্ষম যেকোনো ব্যক্তিকে কার্যনির্বাহী আদেশ 202.17 এবং 202.18 এবং সেগুলির কোনো পরবর্তী আদেশ ও এর উত্তরাধিকারী ও স্বাস্থ্য নিয়ন্ত্রণের বিভাগের সাবপার্ট 66-3 ("সাবপার্ট - 66-3") অনুযায়ী প্রকাশ্যে নিজের নাক ও মুখ কোনো মাস্ক বা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢেকে রাখতে হবে। আরো দেখুন 17 এপ্রিল, 2020 তারিখের নির্বাহী

আদেশ 202.17 এবং 202.18 এর অন্তর্বর্তী নির্দেশনা অনুযায়ী COVID-19 প্রাদুর্ভাবের সময় প্রকাশ্যে মুখ ঢেকে রাখা প্রয়োজন।

    - খুচরা খাদ্য বিক্রেতারা ও তাদের পক্ষে যারা অনুমোদিত তারা যেকোনো ব্যক্তিকে ভর্তি করতে অস্বীকার করবেন যা মেনে চলতে ব্যর্থ হয় এবং অবশ্যই সাবপার্ট 66-3 এর সমস্ত নির্দেশনা এবং যেকোনো প্রযোজ্য নির্দেশিকা মেনে চলতে হবে। দেখুন: https://regs.health.ny.gov/sites/default/files/pdf/emergency_regulations/Enforcement%20of%20Social%20Distancing%20Measures.pdf
    - এই শর্তে যে এই নির্দেশনাটি আমেরিকান উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (American with Disabilities Act) বা নিউ ইয়র্ক স্টেট বা নিউ ইয়র্ক সিটি হিউম্যান রাইটস আইনের (New York City Human Rights Law) কোনো প্রবিধান অথবা আইনের অন্য কোনো প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ পদ্ধতিতে প্রয়োগ করতে হবে।
    - মহামারির প্রাদুর্ভাবের সময় জনগণের সাথে যোগাযোগ করার সময় সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা 202.16-এর উপর জনগণের সাথে যোগাযোগ করার সময় নিয়োগকর্তাদের অবশ্যই বিনামূল্যে মাস্ক সরবরাহ করতে হবে যা 14 এপ্রিল, 2020 তারিখে COVID-19 অনুসারে বর্ণিত।
  - সম্ভব হলে একসাথেপরিবারের একজন সদস্য দোকান কেনাকাটা করুন।
  - সঠিকভাবে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার বাতিল করুন। সেগুলি দোকানে বা শপিং কার্টে রেখে যাবেন না।
  - দোকানে অনুমোদিত ব্যক্তিদের সংখ্যার উপর রাখা সীমাবদ্ধতা মেনে চলা।
  - প্রবীণদের এবং সংকটাপন্ন ইমিউন সিস্টেম থাকা মানুষদের জন্য বিশেষ কেনাকাটার সময় মেনে চলা।
  - মুখ ঢেকে রাখা ব্যক্তির প্রতি বৈষম্যমূলক ব্যবহার করবেন না।
  - যখন সম্ভব গণ বিশ্রামাগারসহ হাত ধোয়ার সুবিধা, সেই সাথে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার প্রদান করা।

খুচরা মুদি দোকানগুলির উচিত তাদের কর্মচারীদের জন্য নিম্নলিখিত নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়ন করা:

- কর্মীদের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম পরিধান করার অনুমতি দেওয়া যার মধ্যে রয়েছে ফেসমাস্ক এবং গ্লাভস। এগুলো অবশ্যই কর্মীদের প্রদান করতে হবে। কর্মীদের নিজস্ব ফেসমাস্ক ও গ্লাভস পরার অনুমতিও দেওয়া হয়েছে।
- যতটা সম্ভব, COVID-19 এর ঝুঁকি সম্পন্ন কর্মীদের (যেমন: "মাটিল্ডা আইন" এর অধীনে বিবেচিত ব্যক্তিরা) গ্রাহকদের সংস্পর্শে কম আসতে হয় এমন বৈকল্পিক কাজে নিয়োগ করা উচিত অথবা সম্ভব হলে, তাদের বাড়িতে থাকতে দেওয়া উচিত।
- যারা মাস্ক পরতে পারেন না তাদের যুক্তিসঙ্গত স্থান প্রদান করুন।
- সাধ্য মতো সঠিক পরিষ্কার এবং/অথবা জীবাণুনাশ করার জন্য প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ের জন্য দোকান বন্ধ করা।
- যখন প্রয়োজন হবে হাত ধোয়ার জন্য তখন কর্মীদের যথেষ্ট বিরতির সময় প্রদান করা।
- নির্দেশিকায় বর্ণিত নির্দেশাবলী মেনে চলুন:
- DOH – https://coronavirus.health.ny.gov/system/files/documents/2020/04/doh_covid19_eo20216employeefacecovering_041420.pdf
- স্বাস্থ্য বিভাগ, (Department of Health, DOH) এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) দ্বারা নির্ধারিত পরিচ্ছন্নতার নির্দেশনা মেনে চলুন:
  - DOH – https://coronavirus.health.ny.gov/system/files/documents/2020/06/agm-doh_covid19_cleaningfoodstores_rev_041820.pdf
  - CDC – https://www.cdc.gov/coronavirus/2019-ncov/daily-life-coping/essential-goods- services.html

**নিউ ইয়র্ক স্টেটের COVID-19 এর প্রতিক্রিয়া সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন:**

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health)এর COVID-19 ওয়েবপেজ:
https://www.health.ny.gov/diseases/communicable/coronavirus/

ইউনাইটেড স্টেটস সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন COVID-19 ওয়েবপেজ
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/

স্টোরে প্রবেশের জন্য সিগনেজের উদাহরণ:

# *** সকল খুচরা গ্রাহককে নোটিশ ***

COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থা (COVID-19 PUBLIC HEALTH EMERGENCY) এবং নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ রেগুলেশন (NEW YORK STATE PUBLIC HEALTH REGULATION) 10 NYCRR সাবপার্ট 66-3 এর জবাবে

**দোকান মালিকরা মুখ ঢাকা নয় এমন গ্রাহকদের প্রবেশাধিকার অস্বীকার করবে**

কেনাকাটার সময় সকল গ্রাহককে **অবশ্যই** সব সময় মুখ ঢেকে রাখতে হবে (1)

একসাথে কেবল একজন পরিবারের সদস্য কেনাকাটা করা উচিত

ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম দোকানের সীমাবদ্ধতা মেনে বাড়িতে অপসারণ করতে হবে

গ্রাহকদের বয়স্ক ও সংকটাপন্ন ইমিউন সিস্টেম থাকা ব্যক্তিদের জন্য বিশেষ কেনাকাটার সময় মেনে চলা উচিত

(1) বিশেষ করে, যে কেউ দুই বছরের বেশি বয়সী ও চিকিৎসাগতভাবে মুখ ঢেকে রাখতে সক্ষম হলে জনসম্মুখে মাস্ক বা কাপড় দিয়ে তাদের নাক ও মুখ ঢেকে রাখতে হবে।

COVID-19 জনস্বাস্থ্য জরুরি বয়স্ক ও সংকটাপন্ন ইমিউন সিস্টেম থাকা ব্যক্তিদের সকাল 6টা থেকে সকাল 8টার মধ্যে, কর্মকাণ্ড চলার প্রথম ঘন্টায় অথবা সাধারণ জনগণের জন্য দোকান খোলার আগে কেনাকাটা করার পরামর্শ দেওয়া হলো।